সংবাদ

তারিখ 20 AUG 2017
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ২ ...

# ছাত্রলীগ কর্মীর হুমকিতে কুবির সেই শিক্ষক নিরাপত্তাহীন

প্রতিনিধি, কুবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে ক্লাস নেয়ার অভিযোগ তুলে কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দাবির তিনদিনের মাথায় এক মাসের বাধ্যতামূলক ছুটিতে পাঠানো গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সভাপতি মাহবুবুল হক ভুঁইয়াকে (তারেক) এবার ফেসবুকে হুমকি দেয়ার অভিযোগ উঠেছে। গত ১৬ আগস্ট ছাত্রলীগ কর্মী ও নৃবিজ্ঞান বিভাগের ১ম বর্ষের শিক্ষার্থী সাদ ইবনে সাইদ তার ব্যক্তিগত ফেসবুক প্রোফাইলে স্ট্যাটাসের মাধ্যমে হুমকি দেন বলে অভিযোগ করেন ভুক্তভোগী ওই শিক্ষক। এ বিষয়ে থানায় সাধারণ ডায়েরি করবেন বলেও জানান তিনি।

জানা যায়, সাদ ইবন সাইদ সাদ (ঝধধফ ওনহ ঝধুবফ ঝধফফ নামক ফেসবুক আইডি) তার ব্যক্তিগত প্রোফাইলে শাখা ছাত্রলীগের সভাপতি ইলিয়াস হোসেন সবুজকে মেনশন করে ও শাখা ছাত্রলীগের ১৩ জন নেতাকর্মীকে ট্যাগ করে ওই শিক্ষককে আলবদর উল্লেখ করে স্ট্যাটাসে লিখেন 'উষবধং ঐড়ংবহ ঝধনঁল' ভাইয়ের হুকুমের অপেক্ষায়, ভাইয়ের দয়াতে আজকের মতো বেঁচে গেল আলবদর তারেক মাস্টার। আর একটা রাত পেল দেশদ্রোহীটা শান্তিতে ঘুমাতে। কিন্তু কালকে কি হবে রে তোর' তার দেয়া এই স্ট্যাটাসটি শাখা ছাত্রলীগের ১৩ জন নেতাকর্মীকে ট্যাগ করা হয়েছে।

ওই স্ট্যাটাসটি নিয়ে মাহবুবুল হক ভুঁইয়া নিরাপত্তাহীনতায় ভুগছেন এমন উল্লেখ করে বলেন, 'এটা গোপনে নয়, ফেসবুকে প্রকাশ্যে আমাকে হুমকি দিয়েছে। আমি জীবন নাশের হুমকিতে আছি।' কেন এমন স্ট্যাটাস দিয়েছেন এমনটি জানতে চাইলে ছাত্রলীগকর্মী সাদ ইবনে সাইদ বলেন ' আমার ফেসবুক আইডি হ্যাক হয়েছে।' শাখা ছাত্রলীগের সভাপতি ইলিয়াস হোসেন সবুজ বলেন, 'কেউ এমন কাজ করলে তার শাস্তি হওয়া উচিত। শাখা ছাত্রলীগ এর দায়ভার নিবে না।' শিক্ষক সমিতির সভাপতি ড. মো. আবু তাহের বলেন, 'এটা সরাসরি হুমকি। কোনভাবেই এ হুমকি মেনে নেয়া যায় না। এর কঠোর বিচার দাবি করছি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর